

ছাত্রলীগের কার্যক্রম স্বগিত!

যায়যায় রিপোর্ট

ছাত্রলীগের কেন্দ্রীয় কমিটির কার্যক্রম স্বগিত করা হয়েছে। একাধিক অসমর্থিত সূত্র এ তথ্য নিশ্চিত করেছে। তবে ছাত্রলীগ সাধারণ সম্পাদক মাহফুজুল হায়দার চৌধুরী রেটেন বলেছেন, এমন কোনো ঘটনা ঘটেনি। তিনি এখন পর্যন্ত ছাত্রলীগের সাধারণ সম্পাদক। ছাত্রলীগের কমিটি বিলুপ্ত বা ভেঙে দেয়া কিংবা স্বগিতের কোনো তথ্য তিনি জানেন না। তার কাছে এরকম কোনো মেসেজ নেই। সূত্রগুলো বলেছে, জনপ্রতিনিধিত্ব অধ্যাদেশ (আরপিও) অনুযায়ী ছাত্রলীগ এখন আর আওয়ামী লীগের অঙ্গ সংগঠন নয়। যে কারণে আওয়ামী লীগের পক্ষ থেকে এখনই ছাত্রলীগের কার্যক্রম স্বগিতের ঘোষণা দেয়া হচ্ছে না। তবে ছাত্রলীগের ব্যাপারে ত্যক্ত-বিরক্ত আওয়ামী লীগ হাইকমান্ডসহ নেতারা বর্তমান কমিটির কার্যক্রম স্বগিতের সিদ্ধান্ত চূড়ান্ত করেছেন।
স্বগিত : পৃষ্ঠা ২ কলাম ৩

স্বগিত : কমিটি

(প্রথম পৃষ্ঠার পর)

তদু ডাই নয়, আগামী জুনের তৃতীয় সম্মানে কাউন্সিল অথবা অন্য কোনো পদায় গঠন করা হবে নতুন কমিটি। নতুন কমিটি না আসা পর্যন্ত রিপন-রেটনের নেতৃত্বধীন বর্তমান কেন্দ্রীয় কমিটির কার্যকরিতা থাকবে না। এই কমিটির নেতাদের আওয়ামী লীগের কোনো কার্যক্রমে উপস্থিত থাকতে দেয়া হবে না। এমনকি ছাত্রলীগের কোনো কর্মসূচিতেও যাবেন না তারা। আওয়ামী লীগের পক্ষ থেকে ছাত্রলীগের দায়িত্বপ্রাপ্ত নেতা সাংগঠনিক সম্পাদক ও এলজিআরডি প্রতিমন্ত্রী জঙ্গীর কবির নানক রোববার আগামী জুনে ছাত্রলীগের কাউন্সিল ও নতুন কমিটি গঠনের তথ্য প্রকাশ করেন। তিনি সাংবাদিকদের বলেছেন, গঠনতন্ত্র অনুযায়ী ছাত্রলীগের কমিটি বিকল্পিক। নেতৃত্ব বিকাশের জন্য যথাসময়ে কাউন্সিল হওয়া দরকার। তিনি এ সময়ে ছাত্রলীগের কিছু নেতাকর্মীর অনিয়ম আচরণ সম্পর্কে বলেন, প্রশাসনের মধ্যে ঘাপটি মেহের গুরু ব্যক্তির অপরাধীদের ধরেন না। যে কারণে ঘটনা বাড়ছেই।

ছাত্রলীগের বক্তব্য

নতুন কাউন্সিল ও কমিটির কার্যক্রম স্বগিত করার ব্যাপারে রোববার বিকালে ছাত্রলীগ সাধারণ সম্পাদক মাহফুজুল হায়দার চৌধুরী রেটেন বলেন, তিনি ছাত্রলীগ সাধারণ সম্পাদক। এরকম কোনো তথ্য বা মেসেজ তার জন্য নেই।

তিনি বলেন, 'যে বা ফরা এ কথা বলেছে, তাদের দিয়ে আপনারা জিজ্ঞাসা করুন। আমাদের নেত্রী এখনো শেখ হাসিনা আছেন। আমরাও আছি। তিনি আরো বলেন, কোনো মৌলবাদী, জঙ্গি বা ছাত্রবলের মতো সংগঠন ছাত্রলীগ নয়। এটা একটি ঐতিহাসিক সংগঠন। কমিটি ভেঙে দেয়া বা কার্যক্রম স্বগিত করার মতো কোনো ঘটনা ঘটেনি।